



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

সূত্র: মাভাবিপ্রবি/ভর্তি.পরীক্ষা/২০২৫-২০২৬/২২১/

তারিখ: ০৬-০৭-২০২৬খ্রি:

## GST ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পদ্ধতিতে A, B ও C ইউনিটে মেধা তালিকা ও বিভিন্ন কোটায় যে সকল শিক্ষার্থী ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে GST-তে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছেন এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন, সে সকল শিক্ষার্থীকে আগামী ০৮ জুলাই, ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে ১৩ জুলাই, ২০২৬ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে অনলাইনে (<https://admission.mbstu.ac.bd>) নির্ধারিত ফি পরিশোধ করে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (ইঞ্জিঃ/সম্মান), বিবিএ, বিএসএস ও বি.ফার্ম. প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য বিভাগভিত্তিক প্রয়োজনীয় ফি [প্রাথমিক ভর্তির সময় জমাকৃত ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা সমন্বয় পূর্বক] এর পরিমাণ নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	বিভাগের নাম	প্রাথমিক জমাকৃত (৫০০০.০০) টাকা ব্যতীত বিশ্ববিদ্যালয় ফি
০১	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)	১১,৬৬৫.০০
০২	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি)	১১,৬৬৫.০০
০৩	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই)	১১,৪৬৫.০০
০৪	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই)	১১,৫৬৫.০০
০৫	এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম)	১১,৬৬৫.০০
০৬	ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস)	১১,৪৬৫.০০
০৭	ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস)	১১,৬৬৫.০০
০৮	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই)	১১,৫৬৫.০০
০৯	ফার্মেসী	১১,৫৬৫.০০
১০	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি)	১১,৪৬৫.০০
১১	রসায়ন	১১,৩১৫.০০
১২	গণিত	১১,৬৬৫.০০
১৩	পদার্থবিজ্ঞান	১১,৬৬৫.০০
১৪	পরিসংখ্যান	১১,৪৬৫.০০
১৫	অর্থনীতি	১১,৩৬৫.০০
১৬	একাউন্টিং	১১,২৬৫.০০
১৭	ম্যানেজমেন্ট	১১,২৬৫.০০

### ভর্তির সময় শিক্ষার্থীদের করণীয়:

- (১) শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার সময় হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত মূল প্রবেশপত্র সহ স-শরীরে উপস্থিত হতে হবে।
- (২) প্রাথমিক ভর্তি নিশ্চায়নের সময় মূল নম্বরপত্রসমূহ (এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান) গুচ্ছভুক্ত যে বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হয়েছে সে বিশ্ববিদ্যালয় হতে উত্তোলনপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, মূল নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র সংশ্লিষ্ট ডিন অফিসে জমা দিতে হবে।
- (৩) শিক্ষাগত যোগ্যতার সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- (৪) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- (৫) উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থীদের স্ব-স্ব সার্কেল চিফ/জেলা প্রশাসক হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- (৬) পোষ্য কোটার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরীর সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

বি. দ্র.: আগামী ১৫ জুলাই, ২০২৬ তারিখ, বুধবার ১ম বর্ষ ১ম সেমিস্টারের ক্লাস শুরু হবে।

(অধ্যাপক ড. মোহাম্মদ মাহতাবুর রহমান)

সদস্য সচিব, ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ

ও

ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

### কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ০১। ডিন, ইঞ্জিনিয়ারিং/লাইফ সায়েন্স/ সায়েন্স/ বিজনেস স্টাডিজ/ সামাজিক বিজ্ঞান/ কলা/ভেটেরিনারি মেডিসিন এন্ড গ্র্যানিউলার সায়েন্স অনুষদ, মাভাবিপ্রবি।
- ০২। চেয়ারম্যান, সিএসই/আইসিটি/টিই/এমই/ইএসআরএম/সিপিএস/এফটিএনএস/বিজিই/বিএমবি/ফার্মেসী/রসায়ন/পদার্থবিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/ অর্থনীতি/ একাউন্টিং / ম্যানেজমেন্ট বিভাগ, মাভাবিপ্রবি।
- ০৩। পরিচালক (হিসাব), হিসাব অফিস, মাভাবিপ্রবি।
- ০৪। পরিচালক, আইসিটি সেল, মাভাবিপ্রবি। (ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ)
- ০৫। উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৬। উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি। (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
- ০৮। নথি।